



নারায়ণগঞ্জে ভাড়া বাসা থেকে কুবি শিক্ষার্থীর ঝুলন্ত মরদেহ উদ্ধার



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের ফতুল্লায় একটি ভাড়া বাসা থেকে ফারজানা ইসলাম নামে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) এক শিক্ষার্থীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। পরিবারের অভিযোগ, যৌতুকের দাবিতে নির্যাতনের পর তাকে হত্যা করে মরদেহ ঝুলিয়ে রাখা হয়েছে।

শনিবার (২৪ অক্টোবর) রাতে ফতুল্লার সাইনবোর্ড এলাকায় স্বামীর বাসা থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। ফারজানা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের স্নাতকোত্তর (এমফার্ম) শ্রেণির শিক্ষার্থী ছিলেন। তার স্বামী নাজমুল ইসলাম একই বিভাগের সাবেক শিক্ষার্থী। এ ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য নাজমুলকে পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে।

ফারজানার স্বজনদের অভিযোগ, বিয়ের পর থেকেই যৌতুকের দাবিতে তার ওপর শারীরিক ও মানসিক নির্যাতন চালানো হতো। নির্যাতনের কারণে গত বছরের ডিসেম্বরে বাবার বাড়িতে চলে যান ফারজানা। পরে স্বামীর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেন তিনি।

স্বজনদের ভাষ্য, দুই পরিবারের মধ্যে দীর্ঘদিন ধরে মধ্যস্থতার পর সমঝোতা হলে মামলা প্রত্যাহারের প্রক্রিয়া শুরু হয়। মামলা প্রত্যাহারের বিষয়টি নিশ্চিত হওয়ার পর ফারজানাকে পরিকল্পিতভাবে হত্যা করে মরদেহ ঝুলিয়ে রাখা হয়েছে বলে অভিযোগ তাদের।

ফতুল্লা থানা পুলিশ জানিয়েছে, খবর পেয়ে ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। নাজমুলকে হেফাজতে রেখে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। ময়নাতদন্ত ও সুরতহাল প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে। এরপর আইন অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।